দৈনিক ইনকিলাব

তারিখ ... পাতা ৩ কলাম ২

NOV. 02 2002

# ৪ দিনব্যাপী কলেজ-বিশ্ববিদ্যালয় প্রশিক্ষণ কোর্স শুরু

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ আদর্শ শিক্ষক পরিষদের উদ্যোগে এবং আন্তর্জাতিক যুব সংস্থা ওয়ামী বাংলাদেশ- এর সহযোগিতায় ৪ দিনব্যাপী কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের এক প্রশিক্ষণ কোর্স গতকাল (শুক্রবার) সরকারী মাদরাসা-ই আলিয়া ঢাকা-এর অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী সভায় সভাপতিত্ব করেন শিক্ষক পরিষদের সিনিয়র সহ-সভাপতি প্রফেসর মোহাম্মদ মুজিবুর রহমান। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ শহিদুল আলম। বিশেষ অতিথি ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর আবদুর রশিদ।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন মাদরাসা-ই-আলিয়ার প্রিন্সিপাল প্রফেসর মুহাম্মাদ মনসুরুর রহমান, এশিয়ান ইউনির্ভাসিটির ভিসি ডঃ এ এইচ কে সাদেক, ওয়ামী বাংলাদেশ-এর দাওয়াহ এন্ড এডুকেশন ইনচার্জ মোঃ নুরুল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের প্রফেসর ডঃ মোঃ হাবিবুর রহমান চৌধুরী প্রমুখ।